

টমেটোর ফল ছিদ্রকারী পোকা

পোকার বৈজ্ঞানিক নামঃ *Helicoverpa armigera*

পরিবার : Noctuidae , বর্গঃ Lepidoptera

পোকার বৈশিষ্ট্যঃ

- এ পোকার মথ হালকা বাদামী রং এর।
- প্রাপ্ত বয়স্ক ও বড় আকারের কীড়ার গায়ের রং কালচে ধূসর থেকে হালকা বাদামী এবং গায়ের উপর লম্বালম্বি দাগ থাকে।
- পুত্তলি গাঢ় বাদামী ও দেহের পিছনের অংশে লম্বালম্বি দুটি ধারালো কাটা থাকে।
- এরা দিনের বেলায় তৎপর থাকে তবে সাধারণত সন্ধ্যার শুরুতে বেশী তৎপর দেখা যায়।
- কীড়া ১৪-১৬ দিনের মধ্যে পুত্তলিতে পরিনত হয়।
- সাধারণত ৪-৮ সেগমিঃ মাটির গভীরে পুত্তলী সম্পন্ন হয় এবং ১০ থেকে ২৫ দিনের মধ্যে পুত্তলী পূর্ণাঙ্গ পোকায় পরিনত হয়।
- টমেটোর ফল ছিদ্রকারী পোকা প্রায় এক মাসে (৪ সপ্তাহে) এদের জীবন চক্র সম্পন্ন করে।



ডিম

কীড়া



পুত্তলী

পোকায় মথ/ পূর্ণাঙ্গ পোকা

ছবি : টমেটোর ফল ছিদ্রকারী পোকায় বিভিন্ন ধাপ



ছবি : টমেটোর ফল ছিদ্রকারী পোকায় আক্রান্ত ফল

ক্ষতির লক্ষণঃ

- স্ত্রী পোকা পাতার উপরে ও ফুলের মধ্যে ডিম পাড়ে (স্ত্রী পোকা ৫০০ পর্যন্ত ডিম দিতে পারে)। ডিম ফুটে কীড়া বের হয়। এ পোকায় কীড়াগুলো ফল আসার আগে বিশেষ করে গাছের পাতা ও কাঁচি উগা খেয়ে বড় হয়।
- ফল আসার পরে বেড়ে ওঠা ফলের ভিতর ঢুকে শাঁস ও বীজ খেয়ে থাকে।
- সাধারণত তাপমাত্রা বাড়ার সাথে সাথে (ফেব্রুয়ারী মাসের শেষ সপ্তাহ হতে) এদের আক্রমণের মাত্রা বৃদ্ধি পেতে দেখা যায়।

দমন ব্যবস্থাপনাঃ

- সমন্বিত দমন ব্যবস্থাপনার মাধ্যমে এ পোকা নিয়ন্ত্রণ করা সম্ভব।
- প্রতিদিন পোকাসহ আক্রান্ত পাতা, ফল সংগ্রহ করে ধ্বংস করে ফেলতে হবে।
- গাছের নিচে ঝরে পরা পাতা, ফুল ও ফল সংগ্রহ করে মাটিতে পুঁতে ফেলার ব্যবস্থা করতে হবে।
- আলোর ফাঁদ ব্যবহার করে পোকায় পূর্ণাঙ্গ মথ মেরে ফেলার ব্যবস্থা করতে হবে।
- ফেরোমন ফাঁদ ব্যবহার করে পুরুষ মথকে সহজে নিয়ন্ত্রণ করা যায়। বিঘা প্রতি ১৫টি ফাঁদ স্থাপন করতে হয়।
- ক্ষতে পতঙ্গভুক পাখী বসার ব্যবস্থা করতে হবে।
- সপ্তাহে একবার পোকায় ডিম নষ্টকারী পরজীবী পোকা (ট্রাইকোথ্রামা কাইলোনিজ) ও কীড়া নষ্টকারী পরজীবী পোকা (ব্রাকন হেবিটর) হেক্টর প্রতি ১ গ্রাম ও ১ বাৎকার বা ৮০০-১২০০ হারে পর্যায়ক্রমিকভাবে মুক্তায়িত করতে হবে।
- সর্বশেষে আক্রমণ তীব্র হলে হলে ফ্লুবানডায়ামাইড গ্রুপের কীটনাশক ০.৪গ্রাম প্রতি লিটার পানিতে মিশিয়ে স্প্রে করতে হবে অথবা সাইপারমেথ্রিন গ্রুপের কীটনাশক রিপকর্ড/সিমবুশ ১মিঃলিঃ প্রতি লিটার পানিতে মিশিয়ে অথবা ইমামেকটিন বেনজোয়েট (প্রোক্রেম) প্রতি লিটার পানিতে ১ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করতে হবে।
- এছাড়া আগাম সর্তকর্তা হিসেবে আগাম বীজ বপন এবং সুষম সার ব্যবহার করতে হবে।

আরো তথ্যের জন্যঃ

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন

